

AP-2

৩০/০৮/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

## বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৬.০১১.০২.০০.০০৪.২০০৯.১৬০

তারিখ : ২১ আগস্ট ২০১৭

বিষয় : নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌ-পরিবহন অধিদপ্তর এর “পরিদর্শক (২য় শ্রেণি) (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) পদে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মূল আবেদনপত্রের ফর্ম (BPS Form -3) পূরণ ও জমাদান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌ-পরিবহন অধিদপ্তর এর “পরিদর্শক” (২য় শ্রেণি) (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) পদে সরাসরি নিয়োগের জন্য গত ৩১ মে ২০১৭ তারিখে অনলাইনে ৪৭ নং বিজ্ঞপ্তি জারি করা হয়। অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে বিজ্ঞপ্তির শর্তানুসারে শুধুমাত্র মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীগণ মূল আবেদনপত্রের ফর্ম (BPS Form-3) কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতার /অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি, আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রামাণ্য সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে), এপ্রিকেন্টস্ কপি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপিসহ আগামী ১০ সেপ্টেম্বর ২০১৭ তারিখ হতে ২১ সেপ্টেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত প্রতি কর্ম দিবসে সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টার মধ্যে পরিচালক (ইউনিট-৬) বরাবর হাতে হাতে অথবা ডাকযোগে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকায় (হাতে হাতে আবেদনপত্র জমাদানের ক্ষেত্রে কমিশন ভবনের নীচতলায় অভ্যর্থনা কক্ষের কাউন্টার) জমা দিতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে মূল আবেদনপত্রের ফর্ম (BPS Form-3) জমা দিতে ব্যর্থ হলে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। এছাড়া মূল আবেদনপত্রের ফর্ম (BPS Form -3) যাচাই বাছাইয়ের পর প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীরাই শুধুমাত্র পরবর্তী পরীক্ষার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন।

২. উল্লিখিত প্রার্থীদের পরবর্তী পরীক্ষার তারিখ, সময়সূচি এবং অন্যান্য তথ্যাবলী পরবর্তীতে সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইটে www.bpsc.gov.bd এবং দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।]

“চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে”

(মুহ)  
২১/০৮/১৭

(শেখ শাখাওয়াৎ হোসেন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)